

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/এ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০-৮৪

তারিখঃ ১৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১৬তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : সুশান্ত কুমার সাহা, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, নিপোর্ট,
ঢাকা।

সভার তারিখ ও সময় : ২৮ জানুয়ারি, ২০২১ খ্রি. সকাল ১১.০০ টা

সভার স্থান : নিপোর্ট, অডিটোরিয়াম।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত নিপোর্টের সকল সদস্য, জুম অ্যাপস এর মাধ্যমে সংযুক্ত আরপিটিআই এবং আরটিসি'র অধ্যক্ষ ও প্রশিক্ষণ কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ৩০.০৯.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর ত্রৈমাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টিকরণ	বিগত ৩০.০৯. ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়।	বিগত ৩০.০৯.২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হলো।	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষণা) এবং উপপরিচালক (প্রশাসন), নিপোর্ট
২	২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের উপর কোড ভিত্তিক আলোচনা	১. নিপোর্ট এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ডিসেম্বর/২০২০ খ্রি. মাস পর্যন্ত ব্যয় নিয়ে আলোচনা হয়। ২. এছাড়া ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা সম্পর্কে আলোচনা হয় এবং ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলনের বিষয়ে আলোচনা হয়। ৩. আলোচনাক্রমে দেখা যায় যে, ডিসেম্বর ২০২০ পর্যন্ত পরিচালন বাজেটের ব্যয় হার ৩০.৯১% এবং টিআরডি'র অধীন বাজেট বাস্তবায়নের হার ২১.৭৫%।	১. অর্থ বছরের শুরু থেকেই পরিকল্পনা করে সিদ্ধান্ত হলেও এ বিষয়ে কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সংশ্লিষ্ট কার্যক্রম ত্বরান্বিত করার জন্য তত্বাবধায়ক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন। ২. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ৩১শে মার্চ ২০২১ খ্রি. তারিখে বার্ষিক ক্রয় পরিকল্পনার শর্ত মোতাবেক সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ৩. বাজেট বাস্তবায়ন কাঙ্ক্ষিত মাত্রায় পৌঁছাতে সম্ভব না হলে দায় দায়িত্ব	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষণা) পরিচালক (প্রশাসন)

			নির্ধারণক্রমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
৩	অকেজো গাড়ি দরপত্রের মাধ্যমে বিক্রি সংক্রান্ত আলোচনা	<p>১. উপপরিচালক (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ের অকেজো গাড়ি এবং অব্যবহৃত মালামাল বিক্রি/বিনষ্টকরণ কমিটি নিপোর্ট এর ০১ টি, রাজশাহী RPTI এর ০১ টি, কুমিল্লা RPTI এর ০১ টি এবং গাংনি, মেহেরপুর, RTC এর ০১ টি মোট ০৪ টি মাইক্রোবাস বিধি মোতাবেক নিলামে বিক্রি করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</p> <p>২. জাস/সাস নম্বরযুক্ত ০৭ টি গাড়ি এবং পরবর্তীতে অচল হওয়া ০২ টি গাড়ি মোট ০৯ টি গাড়ি বিক্রি করার নিমিত্ত মন্ত্রণালয়ে পুনঃপত্র লেখার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১. ০৪ টি অকেজো মাইক্রোবাস সরকারি বিধি মোতাবেক বিক্রয়ের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে।</p> <p>২. জাস/সাস নম্বরযুক্ত ০৭ টি গাড়ি এবং জাস/সাস এবং এনন নম্বরযুক্ত হওয়া ০২ টি গাড়ি মোট ০৯ টি গাড়ি বিক্রি করার নিমিত্ত মন্ত্রণালয়ে পুনঃপত্র লিখতে হবে।</p>	<p>পরিচালক (প্রশাসন)</p> <p>পরিচালক (প্রশাসন)</p>
৪	মন্ত্রণালয়ে মাসিক রিপোর্ট প্রেরণ ও পেন্ডিং বিষয় সংক্রান্ত।	প্রতি মাসের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন, শূণ্য পদ পূরণে কর্মপরিকল্পনা, অনিষ্পন্ন বিষয়াদি (মন্ত্রণালয়ে) বিষয়ে প্রতিবেদন, পেন্ডিং পেনশন বিষয়ে প্রতিবেদন এবং অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক ছক মোতাবেক মন্ত্রণালয়ের চাহিত প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	<p>১. প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</p> <p>২. অধ্যক্ষ ও প্রশিক্ষণ কর্মকর্তাবৃন্দ মাসিক প্রতিবেদনসমূহ প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করবেন।</p>	<p>পরিচালক (প্রশাসন)/ প্রশিক্ষণ /গবেষণা এবং অধ্যক্ষ (সকল)/ প্রশিক্ষণ কর্মকর্তা (সকল)</p>
৫	পেন্ডিং পত্র নিষ্পত্তি	<p>ডিসেম্বর-২০২০ মাসের নিম্নে বর্ণিত পত্রাদির তথ্যাদি উপস্থাপন করা হলো।</p> <p>প্রশাসন ইউনিটঃ</p> <p>১. প্রশাসন শাখা-মোট পত্র-২১ টি, নিষ্পন্ন-২১ টি,</p> <p>২. পরিবহণ শাখা-মোট পত্র ০৪ টি, নিষ্পন্ন-০৪ টি।</p> <p>৩. নির্মাণ শাখা মোট পত্র -০৯ টি, নিষ্পন্ন-০৯ টি</p> <p>৪. আরপিটিআই শাখা-মোট পত্র-২৯ টি, নিষ্পন্ন ২৬ টি এবং অনিষ্পন্ন-০৩ টি</p> <p>৫. আরটিসি শাখা-মোট পত্র-১৮ টি, নিষ্পন্ন-১৮ টি</p> <p>প্রশিক্ষণ ইউনিটঃ</p> <p>মোট পত্র-৮১ টি, নিষ্পন্ন- ৮১ টি।</p> <p>গবেষণা ইউনিটঃ মোট পত্র-৯ টি, নিষ্পন্ন- ৯ টি</p> <p>অনিষ্পন্ন-নাই।</p>	<p>১. সকল চিঠিপত্র নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুসরণ করে পত্র নিষ্পত্তির তথ্য পত্র প্রাপ্তি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।</p> <p>২. পত্র জারি রেজিস্টারেও সকল তথ্য সন্নিবেশপূর্বক সংরক্ষণ করতে হবে।</p> <p>৩. সকল পত্র ই-মেইলে উপস্থাপন করে নিষ্পত্তি করতে হবে। প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ব্যবহার করতে হবে।</p>	<p>পরিচালক (প্রশাসন/ গবেষণা/ প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল</p>

৬	মাঠ পর্যায়ের নির্মাণ কাজ সংক্রান্ত বাস্তবায়ন আলোচনা	নিপোর্টের আওতাধীন সকল আরপিটিআই এবং সকল আরটিসি এর নির্মাণ কাজ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক (প্রশাসন) সভায় জানান যে, ০৪ টি RPTI এবং ২টি RTC যথাক্রমে (ক) সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় RPTIএর নির্মাণ কাজ চলমান আছে। (খ) ময়মনসিংহ বিভাগীয় সদরে নতুন RPTI নির্মাণের লক্ষ্যে ২.০০ একর ভূমির প্রস্তাব প্রেরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। (গ) রংপুর বিভাগীয় সদরে প্রস্তাবিত নতুন আরটিসি নির্মাণের লক্ষ্যে ঈশ্বরগঞ্জ মৌজায় ৩.০০ একর ভূমি পাওয়া গেছে। রংপুর জেলায় মিঠাপুকুর উপজেলায় একটি RTC রয়েছে। রংপুর বিভাগীয় সদরেও RTC নির্মাণ না করে অন্যান্য বিভাগের ন্যায় রংপুর বিভাগীয় সদরেও RPTI নির্মাণ করার ব্যপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। (ঘ) চাঁদপুর জেলা সদরে প্রস্তাবিত নতুন RTC নির্মাণের লক্ষ্যে ৩.০০ একর ভূমি গত ২২.০৯.২০২০ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লাকে জেলা প্রশাসক চাঁদপুর কর্তৃক বুঝিয়ে দেয়া হয়েছে। (ঙ) কক্সবাজার জেলা সদরে RTC নির্মাণ না করে অন্যান্য জেলার ন্যায় জেলা সদরে RPTI নির্মাণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কক্সবাজার জেলা সদর থেকে ৮০ কি. মি. দূরে একটি আরপিটিআই নির্মাণের নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগ থেকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত স্থানে আরটিসি নির্মাণ করা হলে প্রশিক্ষণ কাজ বাস্তবায়ন করা দ্রুত হবে। এ বিষয়ে ইতিপূর্ব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকেও অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন/মতামতের প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। (চ) সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার সদর অথবা শ্রীমঞ্জল উপজেলায় একটি নতুন RTC নির্মাণের লক্ষ্যে প্রস্তাব পাওয়া গেছে। এ বিষয়ে পৃথক প্রস্তাব এ কার্যালয়ের ২১ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে ৮৩ নম্বর স্মারকের বরাতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিষয়টি সংশোধিত OP তে অন্তর্ভুক্ত করার জন্য মহাপরিচালক নিপোর্ট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানান।	১. নির্মাণ ও মেরামত কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য প্রধান প্রকৌশলী, এইচইডি'র দৃষ্টি আকর্ষণ করেন। ২. রংপুর বিভাগীয় সদরে আরটিসি নির্মাণ না করে একটি আরপিটিআই নির্মাণ করার জন্য পুনঃ অনুরোধ জানানো হলো। ৩. সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার নিকটবর্তী অথবা শ্রীমঞ্জল উপজেলায় একটি RTC নির্মাণের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে অধ্যক্ষ, সিলেট আরপিটিআই, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। ৪. ময়মনসিংহ বিভাগীয় সদরে RPTI নির্মাণের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন এবং ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। ৫. কক্সবাজার জেলা সদর থেকে ৮০ কি. মি. RTC দূরে নির্মাণ না করার জন্য অনুরোধ জানানো হলো। ৬. অন্যান্য জেলার ন্যায় কক্সবাজার জেলা সদরে RPTI নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। ৭. সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার সদর অথবা শ্রীমঞ্জল উপজেলায় একটি নতুন RTC নির্মাণের লক্ষ্যে বিষয়টি সংশোধিত OP তে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানানো হয়।	প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৭	মাঠ পর্যায়ের প্রশাসনিক/প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং ও	মাঠ পর্যায়ের প্রশাসনিক/প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সুপারভিশন করার জন্য আলোচনা করা হয়। পরিদর্শনের পর কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করার বিষয়ে	১. প্রত্যেক সহকারী পরিচালক (প্রশিক্ষণ) RPTI এবং RTC এর প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত	পরিচালক (প্রশিক্ষণ), উপপরিচালক (প্রশিক্ষণ) ও

	সুপারভিশন	আলোচনা হয়।	মনিটরিং ও সুপারভিশন করে মহাপরিচালকের নিকট অবশ্যই প্রতিবেদন দাখিল করবেন। ২. পরিচালক (প্রশিক্ষণ) পরিদর্শন কাজ তদারকি করবেন।	সকল সহকারী পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট
৮	ই-ফাইলিং	নিপোর্টে এখনো ই-ফাইলিং কার্যক্রম সম্পূর্ণ চালু করা সম্ভব হয়নি। সভাপতি বলেন যে, নিপোর্টের সকল কর্মকর্তা এবং কর্মচারীকে সকল ফাইলের কাজ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। ই-ফাইলিং এর কাজ ধীর গতিতে সম্পন্ন হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করেন।	১. ই-ফাইলিং এর কাজ ধীর গতিতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ই-ফাইলিং এর মাধ্যমে কার্যক্রম আরোও বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পরিচালক (প্রশাসন) বিশেষ উদ্যোগী হয়ে বিষয়টি সমাধান করবেন। এছাড়া অন্যান্য পরিচালকগণও ই-ফাইলে চিঠিপত্র উপস্থাপন করবেন।	(১) পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) নিপোর্ট (২) অধ্যক্ষ, আরপিটি আই/প্রশিক্ষণ কর্মকর্তা আরটিসি
৯	ওয়েব মেইল ব্যবহার	১. সভাপতি বলেন, অফিসিয়াল চিঠি অফিসিয়াল ওয়েব মেইলে প্রেরণ করতে হবে। কমন-ওয়েব মেইলের জন্য বিসিসিকে পত্র দেয়া হয়েছে। আরপিটিআই ও আরটিসি ওয়েব-মেইল এর জন্য পত্র পাওয়া গেছে। এছাড়া ২. RPTI এবং RTC এর জন্য website তৈরি করতে হবে।	১. কমন ওয়েব-মেইলের জন্য বিসিসিকে পত্র দিতে হবে। ২. আরপিটিআই ও আরটিসির জন্য ওয়েব মেইল সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। ৩. আরপিটিআই ও আরটিসির জন্য ওয়েব মেইল তৈরি করতে হবে।	(১) পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) সকল কর্মকর্তা, নিপোর্ট। (২) জনাব হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট।
১০	ইজিপি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম।	ইজিপি কার্যক্রম সম্পর্কে সভাপতি জানান যে, গত বছর একটি টেন্ডার ইজিপি'র মাধ্যমে সম্পন্ন করার নীতিগত সিদ্ধান্ত থাকলেও বাস্তবে তা সম্পন্ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এ পর্যন্ত ১ টি ইজিপি কার্যক্রম সম্পন্ন করা হয়নি। আগামীতে টেন্ডার কার্যক্রম ইজিপিতে সম্পন্ন করতে হবে। ইজিপি কার্যক্রম শুরু করার নিমিত্ত নিপোর্ট এর কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণের জন্য CPTU নিকট পত্র প্রেরণ করতে হবে।	১. ইজিপিতে ন্যূনতম ১ টি টেন্ডার কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. যিনি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি দায়িত্ব পালন করবেন। প্রয়োজনে CPTU/বিসিসি'র সহযোগিতা নিতে হবে।	পরিচালক (গবেষণা) ও লাইন ডাইরেক্টর এবং পরিচালক (প্রশাসন)
১১	জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনা	উপপরিচালক (প্রশাসন) জানান যে, আগামী ১২.০২.২০২১ খ্রি. তারিখে ওয়েস্ট এন্ড হাইস্কুলে সহকারী প্রশিক্ষক, স্টাফলিপিকার কাম কম্পিউটার অপারেটর এবং স্টাফমুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর এর নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া হাউজ কিপার এবং	১. আগামী ফেব্রুয়ারী/২০২১ মাস থেকে নিয়োগ পরীক্ষা পর্যায়ক্রমে শুরু করতে হবে। তার প্রস্তুতি গ্রহণ করতে হবে। ২. বাজেট প্রতুল থাকলে	পরিচালক (প্রশাসন) ও সভাপতি নিয়োগ কমিটি

		<p>অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর নিয়োগ পরীক্ষা আগামী ০৫/০৩/২০২১ খ্রি. তারিখে ইডেন মহিলা কলেজে অনুষ্ঠিত হবে। গত ২১.১০.২০২০ খ্রি তারিখে আউট সোর্সিং পদ্ধতিতে ১৩ জনকে নিয়োগ দেয়ার ব্যাপারে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান/ কোম্পানীর নিকট থেকে টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।</p> <p>দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা হয়েছে। মূল্যায়ণ কমিটির রিভিউ সভা আগামীতে অনুষ্ঠিত হবে। এছাড়া ২৫.১০.২০২০ খ্রি. তারিখে ১০ জন গাড়িচালক পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ৪.০৬.২০২০ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১২.১৭.১৬৮ নং স্মারকে ২১ জন অফিস সহায়ক, ২১ জন বাবুর্চি/ সহকারি বাবুর্চি, ১১ জন আয়া, ৬ জন ওয়ার্ড বয় এবং ১৭ জন নিরাপত্তা প্রহরীর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও অদ্যাবধি নিয়োগ পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি।</p>	<p>বাজেট প্রস্তুত পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	
১২	শুদ্ধাচার	<p>২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ আরপিটিআই এবং আরটিসিতে প্রেরণ করা হয়েছে। এছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১. প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়ন অগ্রগতি মহাপরিচালককে জানানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোঃ. মাহফুজুর রহমান, সহকারি পরিচালক (প্রশিক্ষণ)</p>
১৩	ইনোভেশন সংক্রান্ত আলোচনা	<p>উপপরিচালক (প্রশাসন) জানান যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা গত ২৯.০৭.২০২০ খ্রি. তারিখে প্রণয়ন করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়েছে।</p> <p>পরিচালক (প্রশাসন) বলেন যে, এখন থেকে নতুন একটি ডিজিটাল সেবা ও বাস্তবায়ন উদ্যোগ গ্রহণ করতে হবে। মহাপরিচালক, নিপোর্ট বলেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সভা লক্ষমাত্রানুযায়ী নিয়মিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>(১) একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।</p> <p>(২) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সভা লক্ষমাত্রা অনুযায়ী নিয়মিত করতে হবে।</p>	<p>ইনোভেশন ফোকাল পয়েন্ট জনাব হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। পরিচালক (প্রশাসন)</p>

১৪	মুজিব বর্ষ উপলক্ষে বৃক্ষ রোপণ - সংক্রান্ত আলোচনা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে আরপিটিআই এবং আরটিসি এর অফিস ভবন চত্বরে বকুলসহ অন্যান্য দীর্ঘজীবী গাছ লাগানোর বিষয়ে সভায় আলোচনা হয়। উপপরিচালক (প্রশাসন) জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে এ পর্যন্ত ১২ টি RPTI এবং ২০ টি RTCতে বিভিন্ন প্রজাতির ৪৬০ টি বৃক্ষ রোপনের প্রতিবেদন পাওয়া গেছে।	রোপিত গাছের পরিচর্যা নিয়মিত করতে হবে।	পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা), নিপোর্ট ও অধ্যক্ষ (সকল) আরপিটিআই এবং প্রশিক্ষণ কর্মকর্তা (সকল) আরটিসি
১৫	অডিট সংক্রান্ত আলোচনা	ত্রিপর্যায় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তি করার ব্যাপারে গত সভায় আলোচনা হয়েছিল। উপপরিচালক (প্রশাসন) জানান যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৫.১০.২০২০ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১২৪.০১.০১৮.২০-২৫৪ নং স্মারকের বরাতে ১৯৭১-৭২ অর্থ বছর থেকে ২০০৯-২০১০ অর্থ বছর পর্যন্ত সকল সাধারণ অডিট নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে নিপোর্ট, আরপিটিআই এবং আরটিসি-তে ২০১০-২০১১ অর্থ বছর থেকে ২০১৭-২০১৮ পর্যন্ত মোট ৪৪ টি নিরীক্ষা আপত্তি আছে। আপত্তির বিপরীতে মোট ১০১,৮৯,৫০,৫২৭.৩৮ (একশত এক কোটি উননব্বই লক্ষ পঞ্চাশ হাজার পাঁচশত সাতাশ) টাকা জড়িত আছে। এছাড়া অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরিত পত্রাংশ নিয়ে আলোচনা হয়।	১. নিপোর্ট এর আওতাধীন সকল আরপিটিআই এবং সকল আরটিসি নির্ধারিত ছক মোতাবেক পূর্ণাঙ্গ তথ্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২. অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরিত পত্রসমূহে সঠিক তথ্য উপস্থাপন করে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. পরিচালক (প্রশাসন) দু/একটি প্রতিষ্ঠান নিয়ে পৃথক সভা করে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়ে আরও উদ্যোগী হবেন।	অধ্যক্ষ আরপিটিআই (সকল) এবং প্রশিক্ষণ কর্মকর্তা আরটিসি (সকল) পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন) পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন)
১৬	এপিএ সংক্রান্ত আলোচনা	২০২০-২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়নে বিভিন্ন সূচকের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় ফোকাল পার্সন জনাব মো. রাজিবুল হাসান জানান যে, গত ০১/১১/২০২০ খ্রি. তারিখ থেকে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শুরু হয়েছে। RPTI সমূহে ৩১০ জন FWV মৌলিক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন।	১. ২০২০-২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে। ২. ২০২০-২১ অর্থ বছরে এপিএতে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে পরিচালকগণ আরো তৎপর হবেন। ৩. প্রত্যেক পরিচালক তার ইউনিটের এপিএর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন বিষয়ে পর্যালোচনা সভায় আলোচনা করবেন। ফোকাল পার্সন এ বিষয়ে সার্বিক সহায়তা প্রদান করবেন।	পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) এবং এপিএ ফোকাল পার্সন। জনাব রাজিবুল হাসান (এডিও ডিজুয়াল স্পেশালিস্ট), নিপোর্ট


১৭	প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ে আলোচনা	১) পরিচালক (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, পরিচালন ব্যয়ের মাধ্যমে ডিসেম্বর/২০২০ পর্যন্ত মোট ৩১০ জন FWV এর ১৮ মাসের ও ৪৭১ জন FWA এর ০২ মাসের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উন্নয়ন খাতে এ সময়ে মোট ২৩৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া USAID এর MaMoni MNCH প্রকল্পের আওতায় মোট ১১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	১) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণের বাস্তব ও আর্থিক অগ্রগতির শতভাগ অর্জনের জন্যে বছরের শুরু থেকে সচেষ্ট থাকতে হবে।	১) পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট।
১৮	কারিকুলাম বিষয়ক আলোচনা	১) ২০২০-২০২১ অর্থ বছরের (ক) কোভিড-১৯ মহামারী প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং প্রাথমিক পরিচর্যা (খ) Training of Trainers (ToT) (গ) Food Safety and Hygiene বিষয়ে ০৩টি নতুন কারিকুলাম প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে শুরু হওয়া Disaster Prevention & Management কারিকুলামটির প্রণয়ন কাজও সম্পন্ন করা করা হবে। Public Financial Management and Public Procurement in Health Sector- শীর্ষক কারিকুলাম প্রণয়নের জন্য আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ এবং নিপোর্টের মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। MOU এর শর্তানুযায়ী ০২ দিনের কর্মশালার মাধ্যমে কারিকুলামের নাম ও বিষয়সমূহ নির্বাচন করা হয়। কারিকুলাম প্রণয়নের পূর্বে প্রশিক্ষণের চাহিদা নিরূপণ কার্যক্রমটি করোনা মহামারির কারণে সম্পন্ন করা সম্ভব হয়নি। সেজন্য সমঝোতা স্মারকের মেয়াদ ৩১/১২/২০২০ খ্রি তারিখ থেকে বাড়িয়ে ৩১/০৫/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত করার জন্য অনুরোধ জানিয়ে গত ২৬/০১/২০২১ খ্রি. তারিখে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	১) ২০২০-২০২১ অর্থ বছরে কারিকুলামগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে প্রণয়ন/রিভিউ করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও কারিকুলাম বিশেষজ্ঞ, নিপোর্ট।
১৯	Bangladesh Adolescent Health and Wellbeing Survey 2019:	১. সার্ভের প্রাথমিক প্রতিবেদনের জন্য প্রস্তুত করা chapter সমূহ পর্যালোচনা করা হচ্ছে। পর্যালোচনার প্রেক্ষিতে প্রয়োজন অনুযায়ী পুনরায় ডাটা এনালাইসিস, নতুন টেবিল প্রস্তুতকরণ ও চূড়ান্ত করণের কাজ চলছে। ২. সার্ভের প্রাথমিক প্রতিবেদনের অগ্রগতি পর্যালোচনার জন্য জানুয়ারী ২০২১ এর ২য় সপ্তাহে icddr'b সহ একটি সভা আহবান করা হবে এবং সভার পর দ্রুততম সময়ে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ এর পদক্ষেপ নেয়া হবে।	সার্ভের প্রাথমিক প্রতিবেদনের অগ্রগতি পর্যালোচনার জন্য icddr'b সহ দ্রুত একটি সভা আহবান করা হবে এবং দ্রুততম সময়ে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ ও প্রকাশ করতে হবে।	পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ

২০	An assessment of current status of PFPF services in Bangladesh: Identify the opportunities and Barriers. বিষয়ক আলোচনা	<p>১. গবেষণা প্রতিবেদনের 2nd draft তৈরী করা হয়েছে।</p> <p>২. তৈরী গবেষণা প্রতিবেদন রিভিউ করার পর নির্বাচিত সেবা কেন্দ্রে পিইসি করা হচ্ছে। জানুয়ারী ২০২১ এর ২য় সপ্তাহে পিইসি সমাপ্ত হবে।</p> <p>৩. পিইসি এর প্রাপ্ত ফলাফল রিভিউ করে প্রতিবেদন চূড়ান্ত করা</p>	এ গবেষণা কার্যক্রম বাস্তবায়নে ধীর গতিতে সভায় অসন্তোষ প্রকাশ করেন। কতো সময়ের মধ্যে এটির কাজ সম্পন্ন হবে তা আগামী সভায় জানাবেন।	মূল্যায়ন বিশেষজ্ঞ
২১	Utilization of Essential Service Delivery (UESD) Survey 2019: বিষয়ক আলোচনা	<p>১. ১১ নভেম্বর ২০২০ তারিখে সার্ভের তথ্য সংগ্রহ কাজ শেষ হয়েছে।</p> <p>২. বর্তমানে ডাটা এনালাইসিস কাজ চলমান।</p>	জানুয়ারী ২০২১ এর মধ্যে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ এর পদক্ষেপ নিতে হবে।	পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ
২২	অগ্রাধিকার ভিত্তিক গবেষণা কার্যক্রম	<p>(১) অগ্রাধিকার ভিত্তিক গবেষণা কার্যক্রম বিষয়ে আলোচনাকালে পরিচালক গবেষণা জানান যে, মূল্যায়ন কমিটি নিম্নবর্ণিত ৯টি অগ্রাধিকার ভিত্তিক গবেষণার জন্য প্রাপ্ত EOI প্রস্তাবনা সমূহ মূল্যায়ন সম্পন্ন করে প্রতিষ্ঠান short listed করে ১৫ অক্টোবর ২০২০ তারিখে short listed প্রতিষ্ঠানে RFP প্রেরণ করা হয়।</p> <p>২২ নভেম্বর ২০২০ তারিখে short listed প্রতিষ্ঠান থেকে Technical ও Financial proposal গ্রহণ করা হয়েছে।</p> <p>1) Family Planning Maternal, Child, Reproductive and Adolescent Health Services in the Urban Areas (City Corporations, Municipalities and Cantonment Board</p> <p>2) Assess Existing Referral System of Health and Family Planning Program in Bangladesh: for strengthening the system</p> <p>3) Public-private partnership to expand access to Reproductive Health</p> <p>4) Assessment of Institutional Capacity and Quality of Training Conducted by NIPORT</p> <p>5) Prevalence of Pregnancy Induced Hypertension and its Determinants in Bangladeshi Population</p> <p>6) Situation Analysis of Stress and Stress-coping among</p>	১৫ জানুয়ারী ২০২১ এর মধ্যে গবেষণা সমূহের জন্য short listed প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রপোজাল সমূহ মূল্যায়ন শেষ করতে হবে।	পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ

		<p>Adolescent</p> <p>7) Utilization of Community Clinic Services: Providers & Client Perspectives</p> <p>8) Determine the Role of Local Government in Facilitating Reproductive Health and Nutrition Services in Bangladesh</p> <p>9) Family Planning Programs for Refugees for and Internally Displaced Populations.</p>		
২৩	Bangladesh Urban Health Survey (BUHS) 2020	<p>১. সার্ভের বাংলা ও ইংরেজী প্রশ্নপত্র তৈরী করা হয়েছে।</p> <p>২. গত ০২ ডিসেম্বর ২০২০ তারিখে সার্ভের অগ্রগতি পর্যালোচনার জন্য মহাপরিচালক, নিপোর্ট মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।</p> <p>৩. সংগ্রহের জন্য বিবিএস এর সহযোগীতায় slum identification সম্পন্ন করা হয়েছে। বর্তমানে লিস্টিং কাজ চলমান।</p>	<p>প্রশ্নপত্র চূড়ান্ত করণের জন্য দ্রুত স্টেইক হোল্ডার এডভাইজারী কমিটির সভা আহবান করতে হবে এবং তথ্য সংগ্রহ কাজ আরম্ভ করতে হবে।</p>	<p>পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ</p>
২৪	Developing Directory and Service Profile of Public, Private and NGO Sector Health Facilities: বিষয়ক আলোচনা	<p>স্টাডিং প্রশ্নপত্র তৈরী করা হয়েছে।</p> <p>গত ০২ ডিসেম্বর ২০২০ তারিখে সার্ভের অগ্রগতি পর্যালোচনার জন্য মহাপরিচালক, নিপোর্ট মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।</p>	<p>প্রশ্নপত্র চূড়ান্ত করণের জন্য দ্রুত কমিটির সভা আহবান করতে হবে এবং তথ্য সংগ্রহ কাজ আরম্ভ করতে হবে।</p>	<p>পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ</p>
২৫	Knowledge Synthesis and Promotion of Use of Research, Survey and Evaluation Results in HPN Sector	<p>এ গবেষণার আওতায় নিম্নবর্ণিত ২ টি বিষয়ে Knowledge/policy briefs তৈরী হবে;</p> <p>a) Comparative analysis of maternal health services</p> <p>b) Comparative analysis of nutritional status among children</p> <p>গবেষণার জন্য literature review and secondary analysis এর কাজ চলমান।</p> <p>জানুয়ারী ২০২১ এর মধ্যে প্রথম analysis প্রতিবেদন পর্যালোচনার জন্য সভা আহবান করা হবে।</p>	<p>নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার প্রতিবেদন প্রণয়ন কাজ শেষ করতে হবে।</p>	<p>পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ</p>
২৬	Follow up of FWV basic training conducted during last one/two years” শীর্ষক গবেষণা	<p>পরিচালক (গবেষণা) জানান যে, TWG এর সভার সিদ্ধান্ত অনুযায়ী এফডাব্লিউভিদের পারফরমেন্স রিলেটেড নতুন শিরোনামে গবেষণাটি বাস্তবায়নের জন্য প্রস্তুতি মূলক কাজ আরম্ভ করেছেন। নতুন শিরোনামে গবেষণাটি বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে।</p>	<p>নতুন শিরোনামে গবেষণাটি দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।</p>	<p>পরিচালক (গবেষণা) ও গবেষণা সহযোগী</p>

২৭	Newsletter-NIPORT Barta মুদ্রণ ও প্রকাশ।	Newsletter-NIPORT Barta বর্ষ-২৮, সংখ্যা-১ (জুলাই-অক্টোবর'২০২০ চূড়ান্ত করা হয়েছে।	দ্রুততম সময়ে NIPORT Barta নতুন সংখ্যা মুদ্রণ ও প্রকাশ করতে হবে।	পরিচালক (গবেষণা) ও লাইব্রেরিয়ান ও ডকুমেন্টেশন অফিসার
২৮	বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০	২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।	দ্রুততম সময়ে বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও প্রকাশ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও লাইব্রেরিয়ান ও ডকুমেন্টেশন অফিসার।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (সুশান্ত কুমার সাহা)
 মহাপরিচালক ও অতিরিক্ত সচিব
 ফোন : ৯৬৬২৪৯৫
 ই-মেইল : dg@niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০- ৮৪

তারিখঃ ১৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয়
অবগতির জন্য)।
- ২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা), নিপোর্ট (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৩। প্রধান প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল).....।
- ৬। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল).....।
- ৭। সকল কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৮। জনাব, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের গোপনীয় সহকারী, নিপোর্ট (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ১০। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট পত্রটি ই-মেইলে প্রেরণ করবেন।


 (মো. মিজানুর রহমান)
 উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব
 ফোন : ৫৮৬১৭৩১৩
 ই-মেইল : ddadmin@niport.gov.bd